



Port City International University

Excellence in Higher Education

GOVT. & UGC APPROVED

পিসিআইইউ/রেজি:/বিজ্ঞপ্তি. ২৩ ০৭/২৫ ০১ (২৪০)

তারিখ: ২৫/০৭/২০২৩ ইং

বিজ্ঞপ্তি

বিষয়: মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য ১ (এক) মিনিট স্ব-স্ব অবস্থান থেকে দাঁড়িয়ে "মাদককে না বলা" কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র:

১. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর স্মারক নং ৩৭.০১.০০০০.০৩১.৯৯.০০৪.২১.২২৮
তারিখ: ২২ মে ২০২৩
 ২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৪২.১৪১ তারিখ: ১৮ মে ২০২৩
 ৩. সুরক্ষা সেবা বিভাগ এর স্মারক নং ৫৮.০০.০০০০.৬২.০৬.০১.১৮ (অংশ)-২৬ তারিখ: ২৭ এপ্রিল ২০২৩
১. উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টির জন্য আগামী ৩০ অথবা ৩১ জুলাই ২০২৩ তারিখ রবিবার অথবা সোমবার প্রত্যেক ক্লাসে দাঁড়িয়ে নিম্নোক্ত শপথ বাক্য পাঠের মাধ্যমে দিনব্যাপি "মাদককে না বলা" কর্মসূচী বাস্তবায়নে স্ব-স্ব শ্রেণি শিক্ষককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

মাদকবিরোধী শপথ

আমি (-----) শপথ করছি যে,
জীবনের লক্ষ্য স্থির রেখে সফল মানুষ হিসেবে নিজেকে গড়ে তুলতে
এবং শারীরিক ও মানসিক সুস্থতা ধরে রাখতে
কৌতহল বশতঃও আমি মাদক গ্রহণ করবো না।
কোন অজুহাতে মাদকের শরণাপন্ন হবো না।
মাদকের ধ্বংসাত্মক মায়াজালে নিজেকে জড়াবো না।
অন্যকে জড়াতে সহায়তা করবো না।
মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলবো।
মাদক ব্যবসায়ীর সংবাদ আইন শৃঙ্খলা রক্ষা বাহিনীকে দেবো।
দেশকে ভালবাসবো, বাংলাদেশকে মাদকমুক্ত করতে সব সময় সচেষ্ট থাকবো।

২. সকল বিভাগীয় প্রধানকে উপর্যুক্ত কর্মসূচী বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

রেজিস্ট্রার
২৫/০৭
২০২৩
পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

